গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
আইন অধিশাখা

**কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার মালিকানাধীন জমি এবং বেদখলকৃত জমির স্বয়ংসম্পূর্ণ তথ্য প্রস্তুতের লক্ষ্যে গঠিত কমিটির ১ম সভার কার্য-বিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোহাম্মদ জাকীর হোসেন, যুগ্ম-সচিব (প্রশাসন), কৃষি মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | ঃ | ১১ জুন, ২০১৭, সকাল-১০.৩০ ঘটিকা |
| স্থান | ঃ | যুগ্ম-সচিব (প্রশাসন) মহোদয়ের কক্ষ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | ঃ | (ক) উপ-সচিব (প্রশাসন-৫) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।<br>(খ) উপ-সচিব (আইন) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। আলোচ্যসূচী অনুযায়ী সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরুপঃ

**আলোচ্যসূচি ঃ বেদখলকৃত জমির তথ্যাদি পর্যালোচনা ঃ**

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার বেদখলীয় জমি সংক্রান্তে ২০১১ ও ২০১৩ সালের তথ্য সংগ্রহ ও বাধাই করে বই আকারে মন্ত্রণালয়ে সংরক্ষণ করা হচ্ছে। বিভিন্ন সময়ে সংগৃহীত তথ্যের সঙ্গে উক্ত বাধাই করা তথ্যের গড়মিল পরিলক্ষিত হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়

সিদ্ধান্ত-১ ঃ দপ্তর/সংস্থাওয়ারী বেদখলীয় জমির সর্বশেষ তথ্য সংগ্রহের জন্য একটি ছক প্রস্তুত করতে হবে।

সিদ্ধান্ত-২ ঃ উক্ত ছকে আগামী ১৪/০৬/২০১৭ তারিখের মধ্যে বেদখলকৃত জমির সর্বশেষ হালনাগাদ তথ্যাদি সকল দপ্তর/সংস্থা-কে প্রেরণ করার জন্য অনুরোধ জানাতে হবে।

সিদ্ধান্ত-৩ ঃ যাচিত তথ্য প্রাপ্তির পর প্রথম পর্যায়ে, সর্ববৃহৎ দুটি সংস্থা যথাক্রমে ডিএই ও বিএডিসি এর অফিসে সভা করে তথ্য যাচাই কাযক্রম গ্রহণ করা হবে।

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২.৬.১৭

(মোহাম্মদ জাকীর হোসেন)
যুগ্ম-সচিব (প্রশাসন) ও
আহবায়ক
আওতাধীন দপ্তর/সংস্থার মালিকানাধীন জমি এবং
বেদখলকৃত জমির স্বয়ংসম্পূর্ণ তথ্য প্রস্তুত কমিটি।

স্মারক নং-১২.০০.০০০০.০২৮.০৪.৪১.১৭-৩৬৩

তারিখঃ- ২৮ জ্যৈষ্ঠ ১৪২৪ / ১১ জুন ২০১৭

১। উপ-সচিব (প্রশাসন-৫) অধিশাখা, (সদস্য), কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ/সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। যুগ্ম-সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা

(মোঃ হামিদুর রহমান খান)
উপ-সচিব (আইন)
টেলিফোন-৯৫৫২৩৭৭।

অতীব জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
আইন অধিশাখা

স্মারক নং-১২.০০.০০০০.০২৮.০৪.৪১.১৭-৩৬৪ তারিখঃ- ২৮ জ্যৈষ্ঠ ১৪২৪ / ১১ জুন ২০১৭

**বিষয় ঃ কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার মালিকানাধীন জমি এবং বেহাত-বেদখল জমির দাখিলকৃত তথ্যাদি যাচাই-বাছাইয়ের জন্য গঠিত কমিটির কার্যক্রম সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার মালিকানাধীন জমি এবং বেহাত-বেদখল জমির দাখিলকৃত তথ্যাদি যাচাই-বাছাইয়ের জন্য গঠিত কমিটির সিদ্ধান্ত অনুযায়ী কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার বর্তমান বেদখলীয় জমির তথ্যাদি সংযুক্ত ছক মোতাবেক আগামী ১৪/০৬/২০১৭ তারিখের মধ্যে আবশ্যিকভাবে আইন অধিশাখায় সরাসরি ও ই-মেইলের মাধ্যমে (monsur1159@ yahoo.com) প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
সংযুক্তি ঃ ছক-০১ পাতা।

(মোঃ হাফিজুর রহমান খান)
উপ-সচিব (আইন)
টেলিফোন-৯৫৫২৩৭৭।

**'ছক'**

| ক্র. নং | দপ্তর/সংস্থার নাম | মোট জমির পরিমাণ | ২০১৩ সালের হিসাব অনুযায়ী বেদখলীয় জমির পরিমাণ | বর্তমান বেদখলীয় জমির পরিমাণ | ইতোমধ্যে উদ্ধার হওয়া জমির পরিমাণ | উদ্ধারকৃত জমির বিবরণ | জমির বেদখল মুক্ত করার জন্য গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৭ | ৮ |

বিতরণ ঃ-

১। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল বা/এ, ঢাকা।
২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৫। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৬। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
৭। মহাপরিচালক, বাংলাদেশ পরমানু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৮। মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
৯। মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী, গাজীপুর।
১০। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা
১১। নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), সেচ ভবন, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
১২। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বহরমপুর, রাজশাহী।
১৩। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
১৪। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১৫। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
১৬। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ

১। উপ-সচিব (প্রশাসন-৫) অধিশাখা, (সদস্য), কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ/সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্ম-সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা